গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর কার্যক্রম ১.২ এবং ২.১ আলোকে অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং প্রধান কার্যালয়ের সাথে এপিএ স্বাক্ষরকারী কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে হালনাগাদকরণ **১ম** সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মাসুদ হোসেন<br>পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) |
| তারিখ ও সময় | : | ১১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি:, বেলা ০২.৩০ টা |
| সভার স্থান | : | জুম অনলাইন প্লাটফর্ম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি সভায় সংযুক্ত/উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর কার্যক্রম ১.২ এবং ২.১ আলোকে অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং এর আওতাধীন কার্যালয়সমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ/তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণের নিমিত্ত সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সে লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের এবং প্রধান কার্যালয়ের সাথে এপিএ স্বাক্ষরকারী কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ এবং কার্যকরভাবে বাস্তবায়ন করার বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অংশে অধিদপ্তরের বর্তমান অনিক জনাব মোহাম্মদ মামুন মিয়া, পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর নাম অন্তর্ভুক্ত এবং ছবি প্রতিস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ প্রোগ্রামার |
| ২.২ | ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল বিভাগীয় কার্যালয়ের সিটিজেন চার্টারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অংশে অনিক ও আপীল কর্মকর্তার তথ্য সংশোধন করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। | অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.৩ | অধিদপ্তরের আওতাধীন কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র (সিটিসি), কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার (কেরাপ), বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এবং বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগারসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রস্তুতপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | চীফ কনসালটেন্ট, প্রধান রাসায়নিক পরীক্ষক, সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার (সকল), বিভাগীয় রাসায়নিক পরীক্ষক (সকল) |
| ২.৪ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্সে আপলোডকৃত সিটিজেন চার্টারের ফরমেট অনুসরণপূর্বক অধিদপ্তরের আওতাধীন কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র (সিটিসি), কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার (কেরাপ), বিভাগীয় কার্যালয়, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এবং বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগারসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে আগামী **১৯ সেপ্টেম্বর, ২০২৪ তারিখের মধ্যে** হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত স্বাক্ষরিত সিটিজেন চার্টার স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। প্রমাণক হিসেবে স্বাক্ষরিত সিটিজেন চার্টার, ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টারের স্ক্রিনসটসহ ফরওয়ার্ডিং এর মাধ্যমে আগামী **২২ সেপ্টেম্বর, ২০২৪ তারিখের মধ্যে** প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে (বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার ও বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের তথ্যাদি/প্রমাণক সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে)। | চীফ কনসালটেন্ট, প্রধান রাসায়নিক পরীক্ষক, অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), সিনিয়র কনসালটেন্ট/ মেডিকেল অফিসার (সকল), বিভাগীয় রাসায়নিক পরীক্ষক (সকল) |

চলমান পাতা/২

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.০৯.২০২৪
(মো: মাসুদ হোসেন)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)

নথি নং- ৫৮.০২.০০০০.০০৫.০০.০০৫.২১-৩৩৩৪

২৮ ভাদ্র, ১৪৩১
তারিখ : --------------------
১২ সেপ্টেম্বর, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ)]।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশন্স/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,........।
৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সিনিয়ন কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৯। রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/বরিশাল।
১০। সহকারী পরিচালক (প্রশাসন/অপারেশনস্/জনসংযোগ/চিকিৎসা ও পুনর্বাসন/কমনসার্ভিস/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/গোয়েন্দা/অর্থ ও হিসাব/গবেষণা ও প্রকাশনা/প্রশাসন-অ:দা:), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ..................।
১১। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩। অফিস কপি।

১২/০৯/২৪
(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)